দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 1 5 MAR 20 3
পৃষ্ঠা ... ১৫ ...

# ঢাবিতে ছাত্র ধর্মঘট পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ পিএসসির চেয়ারম্যানের পদত্যাগ এবং প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের শাস্তির দাবিতে ছাত্রলীগ আহূত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘটের অংশ হিসেবে গতকাল মঙ্গলবার. ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। ক্যাম্পাসে কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি, ছাত্রলীগ নেতা-কর্মীরা সকাল থেকেই ক্যাম্পাসে উপস্থিত হয় এবং ধর্মঘটের পক্ষে মিছিল-সমাবেশ করে। কলাভবনের গেটে সমাবেশে দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সংগঠনের সভাপতি লিয়াকত শিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, সহ-সভাপতি মারুফা আক্তার পপি, রফিকুল ইসলাম, আশরাফুল আজিম রুবেল, জহির উদ্দিন লিপটন, সাইফুজ্জামান শিখর, হেমায়েত উদ্দীন হিমু প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, মেধাশূন্য প্রশাসনিক ক্যাডার তৈরীর নীলনকশা হিসেবে বিসিএস প্রিলিমিনারী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করা হয়েছে। সমাবেশ থেকে আগামী ৫ দিনের কর্মসূচী ঘোষণা করা হয়। ৫ ও ৬ মার্চ সারাদেশে জেলা ও থানা সদরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ, ৮ মার্চ পিএসসির সদর দপ্তরে চেয়ারম্যানের কার্যালয় ঘেরাও, ৯ মার্চ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ ও কালো পতাকা মিছিল এবং ১১ মার্চ রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি পেশ। সকালে ছাত্রলীগ কর্মী আক্তারকে মধুর ক্যান্টিনে ছাত্রদল কর্মীরা মারধর করে বলে জানা যায়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজেও ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালীন কলেজ ক্যাম্পাসে মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়।